কালের কণ্ঠ

তারিখ 07 NOV 2012
পৃষ্ঠা 20 কলাম

জঙ্গিবাদে মদদ

# লেকহেড গ্রামার স্কুল বন্ধের নির্দেশ

বিডিনিউজ ▷

জঙ্গি কার্যক্রমে পৃষ্ঠপোষকতা, ধর্মীয় উগ্রবাদে অনুপ্রেরণা দেওয়াসহ কয়েকটি অভিযোগে ঢাকায় লেকহেড গ্রামার স্কুল বন্ধের নির্দেশ দিয়েছে সরকার। ধানমণ্ডি ও গুলশানে স্থাপিত শিক্ষাপ্রতিষ্ঠানটির সরকারি অনুমোদন না থাকার কথা জানিয়ে গতকাল সোমবার শিক্ষা মন্ত্রণালয় এক আদেশে প্রতিষ্ঠানটির সব কার্যক্রম বন্ধ করতে ঢাকা জেলা প্রশাসককে

▶▶ পৃষ্ঠা ১৩ ক. ৫

## লেকহেড গ্রামার —

▶▶ শেষ পৃষ্ঠার পর

অনুরোধ জানিয়েছে।

আদেশে বলা হয়েছে, 'ধর্মীয় উগ্রবাদে অনুপ্রেরণাদান, উগ্রবাদী সংগঠন সৃষ্টি, জঙ্গি কার্যক্রমে পৃষ্ঠপোষকতাসহ জাতীয় ও স্বাধীনতাবিরোধী কার্যক্রম পরিচালনা করার জন্য লেকহেড গ্রামার স্কুলের সব কার্যক্রম বন্ধ করতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।'

নাম প্রকাশ না করার শর্তে শিক্ষা মন্ত্রণালয়ের একজন কর্মকর্তা বলেন, 'লেকহেড গ্রামার স্কুলের পরিচালনা পর্ষদসহ বেশ কয়েকজন শিক্ষকের বিরুদ্ধে জঙ্গি তৎপরতার অভিযোগ পাওয়ার পর তা তদন্ত করা হয়। তদন্তে বিভিন্ন অভিযোগের সত্যতা পাওয়ায় প্রতিষ্ঠানটি বন্ধের নির্দেশ দেওয়া হয়েছে। এই প্রতিষ্ঠানের সঙ্গে যুক্ত কয়েকজন পুলিশের হাতে আটকও হয়েছিল।'